মায়ের দানের জায়গায় শিশু শিক্ষাকেন্দ্রে অত্যাচারের অভিযোগ ছেলের বিরুদ্ধে

নিজস্ব প্রতিবেদন, মেমারি: বর্ধমানের মেমারিতে মায়ের দান করা জায়গায় শিশু শিক্ষাকেন্দ্রে ছেলের অত্যাচারে স্কুলের শিক্ষক সহ ছাত্রছাত্রীদের অবিভাবকরা অতিষ্ঠ বলে দাবি।

জানা গিয়েছে, মা আইসিডিএস শিশু শিক্ষাকেন্দ্র স্কুলের জন্য জায়গা মৌখিক ভাবে দান করে গিয়েছেন। প্রায় ১০ থেকে ১২ বছর আগে ওই জায়গাতে তৈরি হয়েছে স্কুল। বর্তমানে ওই মহিলার ছেলের কর্মকাণ্ডে অবাক এলাকার মানুষ। অভিযোগ, বিগত কয়েক বছর ধরে একের পর এক অত্যাচার স্কুলের ওপর করে চলেছেন তিনি। শুক্রবার ওই স্কুলের শিশুদের অভিভাবক সহ ওই স্কুলের শিক্ষিকা এহেন অভিযোগ তুলেছেন। ঘটনাটি পূর্ব বর্ধমান জেলার মেমারি এক নম্বর ব্লকের গোপ গন্তার এক নম্বর গ্রাম পঞ্চায়েতের। গন্তার আইসিডিএস ২৪৪ নং স্কুলের নাকুরি পাড়া এলাকার ঘটনা।

বিগত কয়েক বছর আগে শিশু শিক্ষাকেন্দ্রের স্কুলের জন্য ওই এলাকার বাসিন্দা গোকুল চন্দ্র ঘোষের মা জায়গাটি মৌখিক দান করেন। অভিযোগ, দীর্ঘদিন যাবত গোকুল চন্দ্র ঘোষ স্কুলটিতে কখনও গোবর, কখনও মদের বোতল, কখনও আবার নিজেই প্রস্রাব করে ক্যারি ব্যাগে করে ছুড়ে জানালা দিয়ে ছুঁড়ে দিচ্ছেন। বাদ যায়নি মরা পাখির দেহ। এমন অভিযোগ করেন ওই স্কুলের শিক্ষিকা মিনতি ঘোষ সহ স্কুলের অভিভাকরা। স্কুলের শিক্ষিকা মিনতি ঘোষের দাবি, একাধিক বার প্রশাসনকে জানিয়েও কোনও লাভ হয়নি। যাঁর বিরুদ্ধে অভিযোগ সেই গোকুল চন্দ্র ঘোষের দাবি, 'সম্পূর্ণ অভিযোগ মিথ্যে। আমাকে ফাঁসানোর জন্য এমন কাজ করা হচ্ছে।'

'মিথ্যা প্রতিশ্রুতির বাজেট' বলে কটাক্ষ বামপন্থী নেত্রী মীনাক্ষী

নিজস্ব প্রতিবেদন, হুগলি: ডিওয়াইএফআইয়ের রাজ্য সম্পাদক মীনাক্ষী মুখোপাধ্যায়ের হাত ধরে সিপিএম রাজ্য রাজনীতিতে ঘুরে দাঁড়াতে চাইছে। সামনেই লোকসভা ভোট। ডিওয়াইএফআইয়ের রাজ্য সম্পাদিকার গলাতেও সাংবাদিক সম্মেলনে এদিন সেই সুর শোনা গিয়েছে। ইনসাফ যাত্রার সফলতা ও আসন্ন লোকসভা ভোটে সর্বস্ব লড়াই কথার কথা জানিয়েছেন। শুক্রবার আরামবাগ শহরে সিপিআইএমের ১ নম্বর এরিয়া কমিটির কার্যালয়ে সংগঠনের সদস্যদের নিয়ে আভ্যন্তরীণ বৈঠক করেন। দলীয় কার্যালয়ে সকাল দশটা থেকে বিকেল চারটে পর্যন্ত বৈঠক করেন। বৈঠক শেষে সাংবাদিক সম্মেলন করেন। বাজেট প্রসঙ্গে বলেন, এই বাজেটে মিথ্যা প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। সরকারের ছয় লক্ষ কোটি টাকা ধার রয়েছে। কোথা থেকে শোধ হবে। তিন তিনটে প্যানাল্টি গুনছে। একটি সিঙ্গুর,একটি হলদিয়া পেট্রো ক্যেমিক্যালসের সঙ্গে আর একটি পরিবেশ। লক্ষ্মীর ভাণ্ডারের টাকা বৃদ্ধির প্রসঙ্গে বলেন, আমরা তো সাড়ে সাত হাজার টাকা দেওয়ার কথা বলেছি। নির্দিষ্ট ব্যক্তিদের চিহ্নিত করে টাকা দেওয়ার কথাও বলা হয়েছে। লোকসভা ভোটের প্রস্তুতি প্রসঙ্গে বলেন, বামপন্থীদের কাছে লড়াইটা প্রতিদিনের জন্য। নির্বাচন আলাদা কোনও লড়াই নয়। আবার নির্বাচনকে বাদ দিয়েও লড়াই নয়। রাজনীতির মাটিটা কঠিন। বেঁচে থাকার লড়াইটা আরএসএস ও তৃণমূলের রাজত্বে আরও কঠিন হয়ে উঠেছে। সেখানে মাটিতে দাঁড়িয়ে থেকে, টিকে থেকে কষ্টের কথা, রুজি রুটির কথা যারা গলা উঁচিয়ে বলে লড়ে জিতে আসার মানসিকতা দেখাবে মানুষ তাদের সঙ্গে থাকবে। তাঁর দল যে লোকসভা ভোটে সর্বস্ব শক্তি দিয়ে লড়বে সে কথাও তিনি এদিন জানান। আরামবাগ সাংগঠনিক জেলা তৃণমূলের যুব সভাপতি পলাশ রায় বলেন, উনি ৬ লক্ষ টাকা ঋণের কথা বলেছেন কিন্তু ভুলে গিয়েছেন, বাম আমলের ২ লক্ষ ২০ হাজার কোটি টাকা ঋণের বোঝা মা মাটি সরকার ক্ষমতায় আসার পর ঘাড়ে পড়েছিল। সেই ঋণের বোঝা এই সরকারকে এখনও বয়ে চলতে হয়েছে। বামপন্থীরা নতুন মুখদের সামনে এনে আবার আবার মিথ্যা ও বিভ্রান্তিমূলক অপপ্রচারের কৌশল নিচ্ছে। মানুষ ওদের কথায় আর বিশ্বাস করে না। সবমিলিয়ে এদিন লোকসভা ভোটের আগে কর্মীদের দিশা দেখাতে আরামবাগে গুরুত্বপূর্ণ বৈঠক করলেন মীনাক্ষী মুখোপাধ্যায়।

কচুরিপানা থেকে সার তৈরির কর্মশালা

নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া: এরাজ্যের চাষিরা উৎপাদিত ফসলের উপযুক্ত দাম পাচ্ছেন না এবং সার ও চাষের খরচ বাড়ার দাবি। ফলে চরম সংকটে রয়েছেন চাষিরা। এই সংকট থেকে রেহায় পেতে সোনামুখীর রামপুরে আয়োজিত হল একদিনের কর্মশালা। জেলার বিভিন্ন এলাকার ৬২ জন লোকশিল্পী এই কর্মশালায় অংশ নেন। সার হিসাবে কচুরিপানার ব্যবহার নিয়ে লোক শিল্পীদের বোঝানো হয়। চাষিদের সচেতন করতে এবিষয়ে গান বানানো এবং সুর দিয়ে পরিবেশনের তালিম দেওয়া হয় লোক শিল্পীদের। কচুরিপানা আবর্জনা বা আগাছা নয় বরং চাষের কাজে সম্পদ। এই ভাবনা নিয়ে বেশকিছু পরিবেশবাদী গান তৈরি করা হয়। এই শিবিরের প্রশিক্ষিকা সংগীতা ধর বিশ্বাস জানান যে, কচুরিপানা থেকে ৫০- ৫৫ দিনে ভালো কম্পোস্ট সার তৈরি হয়। যেখানে অন্য আগাছা বলা কৃষিজ বর্জ্য থেকে কম্পোস্ট সার হতে ৬৫ থেকে ৭০ দিন সময় লাগে।

এছাড়া ভালো ফসল উৎপাদনের জন্য যেখানে সাধারণ কম্পোস্ট সার ১০ থেকে ১২ টন লাগে, সেখানে কচুরিপানা কম্পোস্ট সার লাগে ৩ থেকে ৪ টন। এই বিষয়গুলি গানের মাধ্যমে তুলে ধরতেই কর্মশালার আয়োজন করা হয়েছে। ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের আর্থিক সহযোগিতায় যে এনভায়রনমেন্টাল মিউজিক ফেস্টিভ্যাল হতে চলেছে তারই প্রস্তুতি হিসাবে এই কর্মশালার আয়োজন করা হয়েছে। এই শিল্পীদের দিয়েই এবিষয়ে প্রচার চালানো হবে।

সংস্থার সম্পাদক ঝর্না গঙ্গোপাধ্যায়ের দাবি, কচুরিপানার সারে যে গ্রোথ হরমোন বা জিব্বেরেলিন থাকে, তা ফসলের পক্ষে অত্যন্ত স্বাস্থ্যকর। তাছাড়া নোংরা, নর্দমা বা খাটালের দূষিত ও গন্ধযুক্ত জলে কচুরিপানা দ্রুত বাড়ে এবং জল অনেকটাই পরিষ্কার রাখে। নিকেল ও ক্যাডমিয়ামের মতো বিষাক্ত পদার্থ শোষণের ক্ষমতা রয়েছে কচুরিপানার। এই সব সমস্যা থেকে চাষিদের রেহাই দিতেই ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রক এনভায়রনমেন্টাল মিউজিক ফেস্টিভ্যালের উদ্যোগ নিয়েছে।

এই কর্মশালায় অংশগ্রহণকারী বেলিয়াতোড়ের বাউলশিল্পী হরিহর মহন্ত ও সত্যেন রায়ের দাবি, 'এত দিন জানতাম কচুরিপানা মানেই আগাছা। কচুরিপানার জন্য সাপ ও মশা-মাছির বাড়বাড়ন্ত হয়ে থাকে। বিভিন্ন রাজনৈতিক দলের নির্বাচনী ইস্তাহারে কচুরিপানা দূর করার কথা বলতে শুনেছি। এমনকী গুরুসদয় দত্তের ব্রতচারী গানেও কচুরিপানা মুক্ত করার ডাক দেওয়া হয়েছে। এই কর্মশালায় অনেক কিছু নতুন তথ্য পেলাম। তা দিয়ে গানও তৈরি করেছি। এই গান গ্রামে গ্রামে এবং এনভায়রনমেন্টাল মিউজিক ফেস্টিভ্যালগুলিতে গাইব।'

বধূকে উত্যক্ত, প্রতিবাদে কুড়ুলের কোপের অভিযোগ

নিজস্ব প্রতিবেদন, অণ্ডাল: বাড়ির বধূকে উত্যক্ত করার অভিযোগ উঠছিল প্রতিবেশীর বিরুদ্ধে। প্রতিবাদ করতে গিয়ে শ্বশুর, স্বামী সহ দুই দেওরকে কুড়ুলের কোপ মারার অভিযোগ। গুরুতর আহত অবস্থায় ভর্তি করা হল মহকুমা হাসপাতালে। বৃহস্পতিবার রাতে অণ্ডালের সরিষাডাঙা এলাকায় এই ঘটনাকে ঘিরে রক্তাক্ত পরিস্থিতি এলাকায়।

শ্বশুর অভিযোগ করেন, প্রতিবেশী তপন রুইদাস এবং আশা রুইদাস তাঁর বউমাকে ইভটিজিং করতেন। সেই সমস্যা সমাধানের জন্য ওঁদের নিয়ে আলোচনা চলছিল। তখনই কুড়ুল, শাবল নিয়ে তাঁকে এবং তাঁর তিন ছেলে সঞ্জয় রুইদাস, মঞ্জয় রুইদাস এবং অজয় রুইদাসের ওপর হামলা চালান ওঁরা। তাঁরা অণ্ডাল থানার পুলিশের কাছেও অভিযোগ দায়ের করেছেন। দোষীদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়ার দাবি তুলেছেন আক্রান্ত পরিবার।

বেহাল রাস্তা, প্রতিবাদে ভোট বয়কটের ডাক

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: গ্রামের একটি রাস্তা শুধুমাত্র ঢালাই তাও আবার কিছুটা পরিমাণ। বাকি সমস্ত রাস্তা কাঁচা। বছরের পর বছর বেহাল রাস্তা দিয়েই যাতায়াত করতে হয় বলে দাবি বাসিন্দাদের। এরই প্রতিবাদে এবার লোকসভা ভোট বয়কটের ডাক দিলেন গ্রামবাসীরা। পূর্ব বর্ধমানের বর্ধমান সদর ২ নম্বর ব্লকের নবস্থা ১ নম্বর পঞ্চায়েতের বেগুট গ্রামের বাসিন্দারা প্রতিবাদে সরব হলেন। গ্রামজুড়ে ভোট বয়কটের ডাকে লাগানো হয়েছে দেওয়ালে দেওয়ালে পোস্টার। গ্রামবাসীদের অভিযোগ, ভোট এলেই প্রতিশ্রুতি দেন রাজনৈতিক দলের নেতারা। দু' দশক ধরে শুধুই কথা দিচ্ছেন নেতারা। তারপর ভোট মিটলে আর কেউ খোঁজ রাখে না বলে অভিযোগ। প্রতিবাদে বেশ কিছুটা সময় আগেই ভোট বয়কটের ডাক দিলেন এলাকাবাসী। গ্রামের সমস্ত রাস্তা ঢালাই করার দাবিতে একজোট হয়েছেন গ্রামের বাসিন্দারা। এমনকী ভোটের প্রচার ও কোনও দলকে এলাকায় করতে দেবেন না বলে হুঁশিয়ারি দিয়েছেন তাঁরা। বিষয়টি বর্ধমান ২ নম্বর বিডিও দিব্যজ্যোতি দাসকে জানানো হলে তিনি কতদূর কী কাজ হয়েছে এবং কোন পর্যায়ে কাজ আটকে রয়েছে সমস্ত বিষয় খতিয়ে দেখে দ্রুত ব্যবস্থা গ্রহণ করার আশ্বাস দিয়েছেন।

সংশোধনী

গত ০৯.০২.২০২৪ তারিখে প্রকাশিত এনপিআর ফিনান্স লিমিটেড -এর অনিরীক্ষিত আর্থিক ফলাফলের ক্রম নং ৪ -এর প্রথম কলামে [৩১.১২.২০২৩ (অনিরীক্ষিত)] ০.৭১ -এর পরিবর্তে "০.১৭" পড়তে হবে। আর্থিক ফলাফলের বাকি তথ্য অপরিবর্তিত থাকবে। ভুল প্রকাশের জন্য দুঃখিত।

সেক কালীবাড়ীর প্রতিষ্ঠাতা শ্রীগুরুদেবের পুণ্য ১০২তম জন্মজয়ন্তীতে তাঁর চরণে প্রণত হয়ে তাঁর উত্তরাধিকার বহন করে তাঁর শিক্ষার প্রসারের শক্তি প্রার্থনা করি।

নিতারা প্রোজেক্টস লিমিটেড

CIN : U45100WB2013PLC195409
রেজি অফিস : বি/১৭/এইচ/১/১ বলাই সিনহা লেন, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০০০৯
ফোন নং : +৯১-৯৯৯০০০৪০২৪
ইমেল আইডি : accounts@nitaragroup.com
"ফর্ম নং আইএনসি-২৬"
[২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ সংস্থান অধীনে]
কোম্পানির রেজিস্টার্ড অফিস এক রাজ্য থেকে অন্য রাজ্যে স্থানান্তরের নিমিত্ত বিজ্ঞাপন
কেন্দ্রীয় সরকার
ইস্টার্ন রিজিওন বেঞ্চ, কলকাতা সমীপে
২০১৩ সালের কোম্পানি আইনের ১৩ ধারার (৪) উপধারা এবং ২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ এর সাব-রুল (৫) এর ক্লজ (এ) সম্পর্কিত
এবং
নিতারা প্রোজেক্টস লিমিটেড রেজিস্টার্ড অফিস **বি/১৭/এইচ/১/১ বলাই সিনহা লেন, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০০০৯ সম্পর্কিত**
....দরখাস্তকারী
এতদ্বারা সাধারণের উদ্দেশ্যে বিজ্ঞাপিত হচ্ছে, বৃহস্পতিবার ৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত কোম্পানির অতিরিক্ত সাধারণ সভায় গৃহীত প্রস্তাব অনুযায়ী কোম্পানির মেমোরান্ডাম অব অ্যাসোসিয়েশনের পরিবর্তনক্রমে **"পশ্চিমবঙ্গ রাজ্য"** থেকে **'হরিয়ানা রাজ্যে"** কোম্পানির রেজিস্টার্ড অফিস স্থানান্তর নিমিত্ত ২০১৩ সালের কোম্পানি আইনের ১৩ ধারাধীনে কেন্দ্রীয় সরকার সমীপে এক আবেদন দাখিলের প্রস্তাব করেছে। যেকোনও ব্যক্তির সংশ্লিষ্ট কোম্পানির রেজিস্টার্ড অফিস প্রস্তাবিত পরিবর্তনের কারণে স্বার্থ ক্ষুন্ন হওয়ার আশঙ্কা থাকলে **বিনিয়োগকারীগণের অভিযোগের ফর্ম পূরণ সাপেক্ষে এমসিএ-২১ পোর্টাল (www.mca.gov.in)** বা রেজিস্টার্ড ডাকে স্বার্থের ধরন এবং হলফনামা দ্বারা সমর্থিত মতে আপত্তির কারণ সম্বলিত নোটিশ এই বিজ্ঞপ্তি প্রকাশের চৌদ্দদিনের মধ্যে রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন, নিজাম প্যালেস, II এমএসও বিল্ডিং, ৪র্থ তল, ২৩৪/৪ এ জে সি বোস রোড, কলকাতা- ৭০০০২০, পশ্চিমবঙ্গ ঠিকানায় নোটিশ পাঠাতে পারেন, একটি কপি অবেদনকারী কোম্পানির নিম্নোক্ত রেজিস্টার্ড অফিসে পাঠাতে হবে :
রেজিস্টার্ড অফিস : **বি/১৭/এইচ/১/১ বলাই সিনহা লেন, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০০০৯**
নিতারা প্রোজেক্টস লিমিটেড এর পক্ষে
স্বা/-
বিক্রম সিং
ডিরেক্টর
তারিখ : ০৮.০২.২০২৪
স্থান : কলকাতা
ডিন-০৫২৫০৪৯২

ফর্ম নং ৩
[দ্রষ্টব্য রেগুলেশন ১৫(১)(এ)]
ডেটস রিকভারি অ্যাপিলেট ট্রাইবুনাল, কলকাতা সমীপে
৮ম তল, ৯, ওল্ড পোস্ট অফিস স্ট্রিট, কলকাতা- ৭০০০০১
আবেদন নং ৫৭-২০২২ সালের
ইন্ডিয়ান ব্যাঙ্ক ..... আবেদনকারী
বনাম
শ্রী কৃষ্ণা ইন্টারন্যাশনাল এবং অন্যান্য
..... বিবাদিগণ
প্রতি
মেসার্স শ্রী কৃষ্ণা ইন্টারন্যাশনাল,স্বত্বাধিকারী সংস্থা শ্রীমতি রীতু সোধানি, অফিস ৯৭সি, ইন্দ্র বিশ্বাস রোড, কলকাতা ৭০০০৩৭ (বিবাদী নং ১)
সমন
১. যেহেতু আবেদনকারী ১৯৯৩ সালের ডেটস রিকভারি অ্যান্ড ব্যাঙ্করাপসি আইনের ২০ ধারা অধীনে মহামান্য ডেটস রিকভারি ট্রাইব্যুনাল-১ কলকাতা নির্দেশের বিরুদ্ধে এবং অন্যান্য বিষয়ে নিষ্পত্তির জন্য এতদ্বারা আপনাদের এই ট্রাইবুনাল সমীপে সকাল ১০.৩০টায় বা অব্যবহিতভাবে ট্রাইবুনালের সুবিধামতো ০৮.০৩.২০২৪ তারিখে প্রতিবেদন মাধ্যমে উত্তর দাখিলের জন্য সমন জারি করা হচ্ছে।
২. আপনারা কোনও নথিতথ্য দাখিল করতে চাইলে, লিখিত প্রতিবেদনের সঙ্গে তার একটি তালিকা সহ দাখিল করতে পারেন।
৩. আপনাদের নথিভুক্ত ঠিকানা এবং ট্রাইবুনাল সমীপে ব্যক্তিগতভাবে বা যথাযথভাবে নির্দেশিত প্লিডার/আইনজীবী মারফত হাজিরার ক্ষেত্রে হাজিরার আবেদন দাখিল করবেন।
৪. আরও অবগত হোন যে, উল্লিখিত তারিখে আপনাদের অনুপস্থিতির কারণে মামলার শুনানি হবে এবং সিদ্ধান্ত গৃহীত হবে আপনাদের অনুপস্থিতিতেই।
স্বহস্তে ট্রাইবুনালের সিলমোহর প্রদত্ত, তারিখ ৯ জানুয়ারি, ২০২৪।
সমন ইস্যুকারী অনুমোদিত অফিসারের স্বাক্ষর
স্বা/-
রেজিস্ট্রার
ডেটস রিকভারি অ্যাপিলেট ট্রাইবুনাল
কলকাতা

ফর্ম নং ১৪
[দ্রষ্টব্য রেগুলেশন ৩৩(২)]
রেজিস্টার্ড ডাকে এ/ডি সহ প্রেরিত বন্টন ব্যর্থ হওয়ায় বিজ্ঞপ্তির দ্বারা অবগত করা হচ্ছে
রিকভারি অফিসার-I/II-এর অফিস
ডেটস রিকভারি ট্রাইবুনাল শিলিগুড়ি
৩য় তল পিসিএম টাওয়ার, সেবক রোড, শিলিগুড়ি - ৭৩৪ ০০১ (পশ্চিমবঙ্গ)
দাবি নোটিশ
১৯৯৩ সালের ডেটস অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি আইনের ধারা ২৫ থেকে ২৮ এবং ১৯৬১ সালের আয়কর আইনের সেকেন্ড সিডিউল এর রুল ২ অধীনে বিজ্ঞপ্তি।
RC/07/2023 **17.01.2024**
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
বনাম
মেসার্স শ্যামল কুমার সাহা এবং অন্যান্য
প্রতি
(সিডি ১) মেসার্স শ্যামল কুমার সাহা, একটি স্বত্বাধিকারী সংস্থা, গ্রাম : দক্ষিণপাড়া, পো : সম্মন্তিনগর, জেলা : মুর্শিদাবাদ।
(সিডি ২) শ্রী শ্যামল কুমার সাহা, পিতা সত্যেন্দ্রনাথ সাহা, গ্রাম : রঞ্জিতপুর, পো : সম্মতিনগর, জেলা মুর্শিদাবাদ, আরও ঠিকানা : গ্রাম : দক্ষিণপাড়া, পো দক্ষিণপাড়া, থানা : হাঁসখালি, পিন : ৭৪১১৫১
(সিডি ৩) শ্রী মনসুর শেখ, পিতা ইসলাম শেখ, গ্রাম : রঞ্জিতপুর, পো : সম্মতিনগর, জেলা : মুর্শিদাবাদ।
এতদ্বারা বিজ্ঞাপিত হচ্ছে প্রিসাইডিং অফিসার, ডেটস রিকভারি ট্রাইব্যুনাল শিলিগুড়ি কর্তৃক ইস্যুকৃত রিকভারি সার্টিফিকেট **TA/770/2017** অনুযায়ী পরিমাণ **১০,৭১,২৭৫ টাকা (দশ লাখ একাত্তর হাজার দুশো পঁচাত্তর টাকা) টাকা** পরবর্তী জরিমানা এবং ভবিষ্যত সুদ **১৪.৫০** শতাংশ সরল হারে সুদ বার্ষিক **১১.০৩.২০১১** থেকে সমুদয় শুল্ক **১৩,০০০ টাকা (তেরো হাজার টাকা)** আদায় পর্যন্ত যা আপনাদের দ্বারা বকেয়া রয়েছে (যৌথভাবে এবং সামগ্রিকভাবে/সম্পূর্ণ/সীমিত)।
২. আপনাদের উল্লিখিত নির্দেশিত পরিমাণ ১৫ দিনের মধ্যে এই নোটিশ পাওয়ার তারিখ থেকে আদায় দিতে অনুরোধ করা হচ্ছে, অন্যথায় ব্যর্থ হলে রিকভারি অফ ডেটস ডিউ টু ব্যাঙ্কস অ্যান্ড ফিনান্সিয়াল ইনস্টিটিউশনস আইন ১৯৯৩ এবং সংশ্লিষ্ট রুল অধীনে আদায়ের ব্যবস্থা করা হবে।
৩. আপনাদের আরও নির্দেশ দেওয়া হচ্ছে হলফনামা দ্বারা আপনাদের সম্পত্তির বিস্তারিত পরবর্তী শুনানির তারিখে দাখিল করতে।
৪. আপনাদের নির্দেশ দেওয়া হচ্ছে নিম্ন স্বাক্ষরকারীর নিকট **১৫.০২.২০২৩** তারিখে সকাল ১০.৩০টায় পরবর্তী প্রক্রিয়ার জন্য হাজির হতে।
৫. উল্লিখিত পরিমাণের অতিরিক্তে আপনারা আরও যে পরিমাণ আদায়দানে দায়বদ্ধ :
(ক) সংশ্লিষ্ট সার্টিফিকেট/প্রক্রিয়া শুরুর জন্য প্রেরিত নোটিশ অনুযায়ী আদায়যোগ্য সুদ সংশ্লিষ্ট সময়ের জন্য
(খ) সমুদয় শুল্ক, ব্যয়, চার্জ, সংশ্লিষ্ট নোটিশ এবং সতর্ক নোটিশ প্রেরণ এবং অন্যান্য প্রক্রিয়ার জন্য যা সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ আদায়ের ক্ষেত্রে গ্রহণ করা হয়েছে।
স্বহস্তে ট্রাইব্যুনালের সিল প্রদত্ত
তারিখ : ১৭.০১.২০২৪
স্বা/-
রিকভারি অফিসার
ডেটস রিকভারি ট্রাইব্যুনাল শিলিগুড়ি
ভারত সরকার
অর্থমন্ত্রক, শিলিগুড়ি - ১

ই-নিলাম বিক্রয় নোটিশ
এ কে পাওয়ার ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেড (দেউলিয়াগ্রস্ত)
CIN NO : U40104WB2008PTC130530

এতদ্বারা সাধারণের অবগতির জন্য সংশ্লিষ্ট চালু সংস্থা হিসেবে এবং দেউলিয়াগ্রস্ত সম্পত্তির অংশ হিসেবে **'যেখানে যেমন আছে ভিত্তিতে', 'যেখানে যা আছে ভিত্তিতে', 'যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে'** এবং **'কোনও পরিবর্ত ভিত্তি ব্যতীত'** বিক্রি করা হবে।

ই-নিলামের তারিখ এবং সময় (স্ট্যান্ডালোন ভিত্তিতে বিক্রয়)	০৮.০৩.২০২৪ (দুপুর ১টা থেকে দুপুর ২টো পর্যন্ত) (প্রতিটি ৫ মিনিটের অসীমায়িত সম্প্রসারণ সাপেক্ষে)
ইএমডি দাখিলের শেষ তারিখ	০৬.০৩.২০২৪ দুপুর ১২টার মধ্যে
উপযুক্ততার নথি দাখিলের শেষ তারিখ	২৪.০২.২০২৪
সফল ডাকদাতাদের ঘোষণা	২৬.০২.২০২৪
পর্যবেক্ষণের তারিখ এবং সময়	০৪.০৩.২০২৪ (সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত)

সম্পদের বিস্তারিত

ক্রম নং	বিবরণাদি	মোট সংরক্ষিত মূল্য (টাকা)	বায়না জমা (টাকা)	বর্ধিত পরিমাণ (টাকা)
১	**জামিন এবং আর্থিক সম্পদসমূহ স্ট্যান্ডালোন ভিত্তিতে** (জামিনজমা, লেনদেনে আদায়যোগ্য ছয় মাস অতিক্রান্তে, অগ্রিম আয় কর এবং জামিন /মার্জিন মানি ঋণের জন্য, জামিন এবং অন্যান্য অঙ্গীকার)	৪,৩৪,১৩,৫৭০ টাকা	৪৩,৪১,৩৫৭ টাকা	৫,০০০ টাকা

সংশ্লিষ্ট **https://nesl.co.in/auction-notices-under-ibc/** প্রাপ্তব্য উল্লেখ্য ই-নিলাম / বিক্রয় নিয়ম এবং শর্তাদি অধীনে বিক্রয় সাপেক্ষে বিক্রয় বিজ্ঞপ্তি এবং সংশ্লিষ্ট ইমেল আইডিতে **cirp.akpower@gmail.com** প্রশ্ন পাঠানোর মাধ্যমে জানতে পারেন। ই-নিলাম বিষয়ে কোনও জিজ্ঞাসা থাকলে যোগাযোগ করুন : লিকুইডেটর বা টিম সদস্য, ০৩৩-৭৯৬১১০২৭ নম্বরে।
স্বা/-
তারিখ : ১০.০২.২০২৪ সিএ প্রতীম বয়াল
স্থান : কলকাতা লিকুইডেটর - এ কে পাওয়ার ইন্ডাস্ট্রিজ প্রা. লি. (দেউলিয়াগ্রস্ত)
আইপি রেজিস্ট্রেশন নং : **IBBI/IPA-003/IP-N00213/2018-2019/12385**
নথিভুক্ত ঠিকানা : ১৮/১ তারাপুকুর মেন রোড, ঘোষ পাড়া আগরপাড়া-কলকাতা ৭০০১০৯
নথিভুক্ত ইমেল আইডি : **pratimbayal@gmail.com**
যোগাযোগের ঠিকানা : সিকে-১০৪, সেক্টর ২, সল্টলেক সিটি কলকাতা, ৭০০০৯১
এএফএ বৈধ ০৪.১২.২০২৪ পর্যন্ত

ত্রিপুরারি প্রপার্টিজ প্রাইভেট লিমিটেড (দেউলিয়াগ্রস্থ)
CIN : U70109WB2008PTC125328
লিকুইডেটরের ঠিকানা : অন্নপূর্ণা অ্যাপার্টমেন্টস, ফ্ল্যাট ১এ, ১২এ, সুহাসিনি গাঙ্গুলি সরণি, কলকাতা - ৭০০০২৫
যোগাযোগ : +৯০০৭২০৫১৪৫, ইমেল : rashmi.chhawchharia@gmail.com/cirp.tripurari@gmail.com
২০১৬ সালের ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি কোড অধীনে বিক্রয় নোটিশ
কোম্পানির রেজিস্টার্ড অফিস : ৪, ড. রাজেন্দ্র প্রসাদ সরণি, ৪র্থ তল, রুম নং ৩০৩, কলকাতা - ৭০০০০১, পব
লিকুইডেটরের ঠিকানা : অন্নপূর্ণা অ্যাপার্টমেন্টস, ফ্ল্যাট ১এ, ১২এ, সুহাসিনি গাঙ্গুলি সরণি, কলকাতা - ৭০০০২৫, পশ্চিমবঙ্গ
কোম্পানি, **ত্রিপুরারি প্রপার্টিজ প্রাইভেট লিমিটেড** (দেউলিয়াগ্রস্ত) (''কোম্পানি'') বিক্রির বিষয়ে আগ্রহ প্রকাশের আমন্ত্রণের জন্য সাধারণভাবে জনসাধারণকে ই-নিলামের মাধ্যমে। ই-অকশন প্ল্যাটফর্মের মাধ্যমে **''যেখানে যেমন আছে, যা আছে, যেমন আছে, এবং কোনও পরিবর্ত ভিত্তি ব্যতীত''** উল্লিখিত প্রস্তাবটি কোনো ধরনের ওয়ারেন্টি এবং ক্ষতিপূরণ ছাড়াই।

১.	নিলামের তারিখ এবং সময় :	১১.০৩.২০২৪ বেলা ১২ টা থেকে বিকেল ৩ টা পর্যন্ত অসীমায়িত ৫ মিনিটের সম্প্রসারণ সহ, সর্বশেষ নিলাম সময় প্রতিবারই ৫ মিনিট সম্প্রসারিত হবে শেষ ৫ মিনিটের ডাকের সঙ্গে নিলাম শেষ হওয়ার পূর্বে পর্যন্ত।
২.	সংরক্ষিত মূল্য (আইএনআর)	৪৩,৫৮,০৭১ (তেতাল্লিশ লাখ আটান্ন হাজার একাত্তর টাকা) টাকা।
৩.	ইএমডি	৪,৩৫,৮০৭ টাকা (চার লাখ পঁয়ত্রিশ হাজার আটশ সাত টাকা) টাকা। ইওআই দাখিলে কোনও অংশগ্রহণ ফি লাগবে না।
৪.	নিলাম প্রক্রিয়াধীন সম্পদ	অ-চলতি বিনিয়োগ, কোম্পানির ইক্যুইটি শেয়ার। আরও বিস্তারিত জানতে ইওআই পাওয়া ইমেল মারফত।
৫.	**ইওআই দাখিলের শেষ তারিখ**	**২৪.০২.২০২৪**
৬.	নিলাম প্রক্রিয়াধীন সম্পদ পর্যবেক্ষণ শেষ করতে হবে ০৭.০৩.২০২৪ তারিখের মধ্যে।	
৭.	ইএমডি দাখিলের শেষ তারিখ : ০৯.০৩.২০২৪ বিকেল ৫ টার মধ্যে।	
৮.	যোগ্যতার এবং অন্যান্য বিস্তারিত : ইওআই এর নিয়ম এবং শর্তাদি মেতাবেক। ইওআই নথি পাওয়া যাবে cirp.tripurari@gmail.com ইমেল মারফত।	

আগ্রহী ডাকদাতাগণকে ইমেল মারফত অনুরোধক্রমে প্রাপ্তব্য সংশ্লিষ্ট নিয়ম এবং শর্তাদি বিষয়ে সম্যক অবগত এবং সম্মত হয়েই আগ্রহ প্রকাশক আহ্বানে সাড়া দিতে অনুরোধ করা হচ্ছে। আরও বিস্তারিত জানতে, অনুগ্রহ করে নিম্নস্বাক্ষরকারীর সঙ্গে যোগাযোগ করতে হবে।
স্বা/-
রশমি ছাউছারিয়া
ত্রিপুরারি প্রপার্টিজ প্রাইভেট লিমিটেড-এর বিষয়ে লিকুইডেটর
আইবিবিআই রেজি নং : **IBBI/IPA-001/IP-P02016/2020-21/13148**
স্থান : কলকাতা এএফএ বৈধ ২১.০৬.২০২৪ পর্যন্ত
তারিখ : ১০.০২.২০২৪ ইমেল আইডি : rashmi.chhawchharia@gmail.com/cirp.tripurari@gmail.com

SBI
এসবিআই আরএসপিসি বেহালা (১৭৮৯৯)
২৩এ/৪৪এক্স, ৪র্থ তল, জীবন তারা বিল্ডিং, ডি. এইচ. রোড, তারাতলা, কোল - ৭০০০৫৩ ইমেল - sbi.17899@sbi.co.in
পরিশিষ্ট IV (রুল-৮(১) দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)
A/c No- 39509947682 & 39510015601
যেহেতু
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, **বজবজ ব্রাঞ্চ,** অনুমোদিত অফিসার হিসেবে নিম্নস্বাক্ষরকারী ২০০২ এর ৫৪ অধীন সিকিউরি